গাংনীতে অনলাইন জুয়ার সম্পৃক্ততায় ছাত্রলীগ নেতা শিপুসহ ৬জন আটক

অনলাইন জুয়ার সাথে জড়িত থাকায় গাংনীর সাবেক এমপি মকবুল হোসেনের পিএস জেলা ছাত্রলীগের সাবেক সহসভাপতি শাহিদুজ্জামান শিপুসহ ছয়জনকে আটক করেছে পুলিশ।
গতকাল মঙ্গলবার রাত সাড়ে আটটা থেকে দীর্ঘ সময় গাংনী শহরে শিপুর ব্যক্তিগত কার্যালয়ে অভিযান চালায় মেহেরপুরে অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) আজমল হোসেনের নেতৃত্বে পুলিশের একাধিক টিম। অভিযানে গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক, ডিবির ওসি সাইফুল আলমসহ ডিবি পুলিশ ও পুলিশের একাধিক টিম অংশ নেয়।
অভিযান শেষে রাত ১১টার দিকে তাদেরকে মেহেরপুর ডিবি কার্যালয়ে নিয়ে যাওয়া হয়। আটকরা হচ্ছেন- সাবেক ছাত্রলীগ নেতা শাহিদুজ্জামান শিপু, গাংনী সরকারি কলেজের অফিস সহকারী রবিউল ইসলাম, সাবেক ছাত্রলীগ নেতা জুবায়ের হোসেন উজ্জল, গাংনী বাজার কমিটির সদস্য বিপুল হোসেন, মালসাহ গ্রামের চঞ্চল হোসেন ও জিয়াউর রহমান। পুলিশ সুত্রে জানা গেছে, গাংনী উত্তরপাড়া শাহিদুজ্জামান শিপুর ব্যক্তিগত কার্যালয়ে অনলাইনে জুয়া খেলা হয়। শিপুর মাধ্যমে অনেক মানুষ জুয়ার খেলার সাথে সম্পৃক্ত। এর মাধ্যমে টাকা পাচার হচ্ছে বিদেশে। এমন অভিযোগে ডিবি ও গাংনী থানা পুলিশের দুটি দল রাতে শিপুর ব্যক্তিগত কার্যালয়ে অভিযান চালায়। এসময় শিপুসহ কয়েকজন সেখানে প্রতিদিনের ন্যায় বসে ছিল। তাদের ব্যবহৃত ১৪টি মোবাইল ডিভাইস জব্দ করে প্রাথমিক পরীক্ষা করে। দীর্ঘ সময় ধরে মোবাইল পরীক্ষা-নিরিক্ষা করে রাত ১১টার দিকে তাদের ছয়জনকে পুলিশ হেফাজতে নিয়ে যায়।
অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) আজমল হোসেন জানান, সাবেক ছাত্রলীগ নেতা শিপুসহ ছয় জনকে অনলাইন জুয়ার সাথে সম্পৃক্ততার প্রমাণ পাওয়ায় তাদের আটক করা হয়েছে। তাদের কাছ থেকে ডিজিটাল ডিভাইস হিসেবে ১৪টি মোবাইল ও সিম জব্দ করা হয়েছে। জিজ্ঞাসাবাদ ও ডিভাইসগুলো প্রয়োজনীয় পরীক্ষা শেষে পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

মুজিবনগরে দুটি ব্যবসা প্রতিষ্ঠানকে জরিমানা

মুজিবনগর উপজেলার শিবপুর এলাকায় ভ্রাম্যমাণ অভিযান পরিচালনা করে দুটি ব্যবসা প্রতিষ্ঠানের নিকট থেকে ১২ হাজার টাকা জরিমানা আদায় করেছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

আজ মঙ্গলবার (১৩ই ডিসেম্বর) দুপুরে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মেহেরপুরের সহকারী পরিচালক সজল এ অভিযান পরিচালনা করেন। অভিযানে জেলা স্যানিটারি ইন্সপেক্টর (ভারপ্রাপ্ত) মোঃ তারিকুল ইসলাম উপস্থিত ছিলেন। মেহেরপুর পুলিশ লাইনের একটি টিম এ অভিযানে সহায়তা করে।

সহকারী পরিচালক সজল আহমেদ জানান, অভিযানে মুদিখানা, ফার্মেসি, সার-কীটনাশকসহ বেশকিছু নিত্যপ্রয়োজনীয় পণ্যের প্রতিষ্ঠানে তদারকি করা হয়। শিবপুর গলাকাটা মোড়ে মেসার্স আয়ান স্টোর নামক প্রতিষ্ঠানে তদারকিতে মূল্যতালিকা প্রদর্শন না করা ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয় ও নির্ধারিত মুল্য থেকে অধিক মুল্যে পণ্য বিক্রয়ের অপরাধে প্রতিষ্ঠানটিকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৪০ ও ৫১ ধারায় ৭ হাজার টাকা জরিমানা করা হয়।

অপর একটি প্রতিষ্ঠান মেসার্স আজমির ট্রেডার্স নামক প্রতিষ্ঠানকে পণ্যের মুল্যতালিকা প্রদর্শন না করা ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে ৩৮ ও ৫১ ধারায় ৫ হাজার টাকা জরিমানা করা হয়।

এসময় জব্দকৃত মেয়াদ উত্তীর্ণ ও খারাপ পণ্যগুলো জনসম্মুখে নষ্ট করা হয় এবং ব্যবসায়ী ও জনসাধারণের মাঝে সচেতনতামূলক লিফলেট বিতরণ করা হয়।

চুয়াডাঙ্গা জেলা আইন-শৃঙ্খলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গায় সকল আইনশৃঙ্খলা কমিটির সদস্য এবং প্রশাসনের কর্মকর্তাদের নিয়ে চুয়াডাঙ্গা জেলা আইন-শৃঙ্খলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে।

রবিবার সকাল সাড়ে দশটার সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খানের সভাপতিত্বে উক্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এ সময় তিনি জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভায় সম্পত্তি সংক্রান্ত অপরাধ নিয়ন্ত্রণ, সন্ত্রাস ও নাশকতামূলক কার্যক্রম পর্যালোচনা, মাদকদ্রব্য ও চোরাচালান নিরোধ, অনিষ্পন্ন চোরাচালান মামলার নিষ্পত্তি ত্বরান্বিতকরণ, সড়ক দুর্ঘটনা নিয়ন্ত্রণ, মানব পাচার প্রতিরোধ, শিক্ষা প্রতিষ্ঠানের শৃঙ্খলা, সড়কের শৃঙ্খলা, ফুটপাত হকারমুক্ত ও দখলমুক্ত ইত্যাদি বিষয়ের উপর বিস্তারিত আলোচনা করেন।

উক্ত সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুন,চুয়াডাঙ্গা সিভিল সার্জন সাজ্জাৎ হোসেন। চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক মোঃ আরাফাত রহমান, চুয়াডাঙ্গা ডিডি এনএসআই জামীল সিদ্দিকী, চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার শামীম ভূইয়া সহ চুয়াডাঙ্গা জেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ এবং চুয়াডাঙ্গা জেলা আইন-শৃঙ্খলা কমিটির সদস্যবৃন্দ।

গাংনীতে যুবদল নেতা গ্রেফতার

মেহেরপুরের গাংনীতে বেলাল হোসেন ওরফে বেলু (৪০) নামে যুবদলের এক নেতাকে গ্রেফতার করেছে পুলিশ। গ্রেফতারকৃত বেলু গাংনী উপজেলার সাহারবাটী ইউনিয়ন যুবদলের সাবেক সাধারণ সম্পাদক ও জোড়পুকুরিয়া

গ্রামের আহম্মদ আলীর ছেলে।

আজ শনিবার ভোররাতে গাংনী থানা পুলিশের একটিদল অভিযান চালিয়ে বেলুকে তার নিজ বাড়ি থেকে গ্রেফতার করে।

গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুর রাজ্জাক জানান, আওয়ামী লীগের জাতীয় কাউন্সিল উপলক্ষে ছাত্রলীগের নেতাকর্মীরা গত ২৮ নভেম্বার দিবাগত রাত সাড়ে ৮টার দিকে গাংনী শহরে একটি মিছিল বের করে।

এসময় গাংনী সরকারি মাছের হ্যাঁচারির কাছে বিকট শব্দে ককটেল বিষ্ফোরণ হয়। মিছিলকে লক্ষ্য করে বোমা নিক্ষেপ করা হয়েছে বলে অভিযোগ করে বিএনপিকে দায়ি করেছিলেন ছাত্রলীগ নেতাকর্মীরা। ঘটনাস্থল থেকে অবিষ্ফোরিত ৩টি ককটেল উদ্ধার করে পুলিশ। ওই রাতেই মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সহ-সভাপতি সাহিদুজ্জান শিপু বাদি হয়ে বিএনপি নেতাকর্মীদের নামে মামলা দায়ের করেন। ওই মামলায় বেলুকে গ্রেফতার হয়।

শনিবার দুপুরে তাকে মেহেরপুর আদালতে সোর্পদ করা হয়।

জীবননগরে ইয়াবাসহ দুই মাদক ব্যবসায়ী আটক

জীবননগর থানা পুলিশের মাদক বিরোধী অভিযান ইয়াবাসহ দুই মাদক ব্যবসায়ী আটক।

গতকাল বুধবার রাতে জীবননগর থানার অফিসার ইনচাজ(ওসি) মোঃ আব্দুল খালেকের নিদেশে জীবননগর থানার এস আই নাহিরুল ইসলাম সঙ্গীয় ফোস নিয়ে গোপন সংবাদের ভিক্তিত্বে জীবননগর উপজেলার ইসলামপুর মোড়ে মাদক বিরোধী অভিযান চালিয়ে সুবলপুর গ্রামের মৃত বদর উদ্দিন মন্ডলের ছেলে আব্দুস সাত্তার এবং পুরাতন লক্ষীপুর গ্রামের আব্দুর রশিদের ছেলে নাজমুল হাসানকে ২৫ পিচ ইয়াবাসহ আটক করে।

আটককৃত আসামীদের বিরুদ্ধে জীবননগর থানায় একটি মাদকদ্রব্য

নিয়ন্ত্রন আইনে মামলা হয়েছে।

দর্শনা সীমান্তে স্বর্ণ চোরাচালান অভিযানে ভারতীয় ২ নাগরিকসহ আটক ৩

চুয়াডাঙ্গায় বিজিবি ও যশোর কাষ্টমস শুল্ক গোয়েন্দার পৃথক ২টি অভিযানে ভারতীয় ২ নাগরিকসহ ৩ জনকে আটক করেছে।

উদ্ধার করা হয় ভারতীয় নাগরিককের জুতার ভিতর থেকে ১১ টি ও মোটরসাইকেলের ভিতর থেকে ১০টি স্বর্ণের বার । এ ঘটনায় দর্শনা থানা ও দামুড়হুদা থানায় ২ টি পৃথক ভাবে মামলার প্রস্তুতি চলছে।

বৃহস্পতিবার (০৮ ডিসেম্বর) সকাল থেকে প্রায় ১ টা পযন্ত এ অভিযান চালায়। চুয়াডাঙ্গার দর্শনা সীমান্ত চেকপোষ্ট ও চুয়াডাঙ্গা - দর্শনা মহা সড়কের স্বর্ণ চোরাচালানী এই অভিযান পরিচালনা করে।

এ অভিযানে স্বর্ণসহ আটককৃতরা হলো ভারতের কলকাতা শহরের তালজালা এলাকার চুনাইলাল গুপ্তা ছেলে যার পাসপোর্ট নং T৪৩১৬০৯১ অনুপ কুমার গুপ্তা (৪২) কলকাতা শহরের জোড়াবাগান এলাকার রমেশ রায়ের ছেলে যার পাসপোর্ট নং z ৫২৩৯২২৩ রাজেস কুমার গুপ্তা (৪৬) ও চুয়াডাঙ্গা জেলার বেলগাছি গ্রামের আরিফ বিল্লাহ’র ছেলে মারুফ বিল্লাহ (২৮)কে আটক করে।

জানাগেছে, বৃহস্পতিবার সকালে গোপন সংবাদের ভিক্তিতে যশোর বেনাপোল কাষ্টমস শুল্ক গোয়েন্দার রাজস্ব কর্মকর্তা আব্দুর রহিমের নেতৃত্বে দর্শনা চেকপোষ্ট অভিযান চালিয়ে ১১ টি স্বর্ণের বারসহ ভারতীয় ২ নাগরিককে আটক করে। অপরদিকে গোপন সংবাদের ভিক্তিতে যশোর ৪৯ বিজিবি ব্যাটিলিয়নের অধিনায়ক লেঃ কর্নেল শাহেদ মিনহাজ সিদ্দিকীর নেতৃত্বে দর্শনা ফায়ার সার্ভিসের সামনে থেকে ১০ টি স্বর্ণের বার সহ মারুফ বিল্লাহ কে একটি মটরসাইকেল সহ আটক করে। যার মূল্য প্রায় ১ কোটি টাকা। শুল্ক গোয়েন্দার হাতে আটককৃত

স্বর্ণের মূল্য প্রায় ৪৫ লক্ষ টাকা বলে জানা যায়।

এ ঘটনায় দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি ফেরদৌস ওয়াহিদ বলেন আমি শুনেছি স্বর্ণ উদ্ধার হয়েছে। তবে এখনো পর্যন্ত কোন মামলা হয়নি।

দামুড়হুদায় ৪৮ বোতল ফেন্সিডিল সহ ২জন আটক

দামুড়হুদা পুলিশের মাদক বিরোধী অভিযানে ৪৮ বোতল ভারতীয় নিষিদ্ধ ফেন্সিডিল সহ দুই জনকে আটক করেছে পুলিশ। দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ এর দিকনির্দেশনায় আজ বুধবার দুপুর ২টা ৪৫ মিনিটের দিকে বোয়ালমারী গ্রামস্থ তালসারী মোড় জনৈক ইদ্রিস আলীর চায়ের দোকান সংলগ্ন পাকা রাস্তার উপর থেকে তাদেরকে গ্রেফতার করা হয়।

নাটুদাহ পুলিশ ক্যাম্পের এস আই কামরুল ইসলাম গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় পুলিশ ফোর্স নিয়ে দামুড়হুদা থানাধীন নাটুদাহ ইউনিয়নের বোয়ালমারী গ্রামস্থ তালসারী মোড় জনৈক ইদ্রিস আলীর চায়ের দোকান সংলগ্ন পাকা রাস্তার উপর মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন অভিযান পরিচালনা করে ৪৮ বোতল ফেন্সিডিল একটি মটরসাইকেল সহ দুই জনকে গ্রেফতার করেন।

গ্রেফতারকৃতরা হলেন দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের কুতুবপুর গ্রামের মৃত মক্কর আলীর ছেলে জিয়ারুল ইসলাম জিয়া (৪০) কুষ্টিয়া জেলার মিরপুর থানার রানাখড়িয়া (কদমতলা) গ্রামের আকমল হোসেনের ছেলে জহিরুল ইসলাম (২৮)কে আটক করে পুলিশ। পরে আসামিদের কে দামুড়হুদা মডেল থানায় সোপর্দ করেন।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ বলেন ৪৮ বোতল ফেন্সিডিল সহ দুই জনকে গ্রেফতার করা হয়েছে। গ্রেফতারকৃত আসামীদের বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে মামলা রুজু প্রক্রিয়াধীন।

আলমডাঙ্গার আলোচিত বোমা কালাম গাঁজাসহ গ্রেফতার

আলমডাঙ্গার বেলগাছি গ্রামের আলোচিত বোমা কালামকে ১ কেজি গাঁজাসহ গ্রেফতার করেছে পুলিশ। মঙ্গলবার দিবাগত রাত সাড়ে ৯ টার দিকে মানিক মেম্বারের বাড়ির পাশ থেকে মাদকসহ আটক করে পুলিশ।

আটকৃত বোমা কালাম উপজেলার বেলগাছি ইউনিয়নের বাগানপাড়ার সাহেব মালিথার ছেলে।

পুলিশ সূত্রে জানাযায়, আলমডাঙ্গা উপজেলার বেলগাছি ইউনিয়নের বাগানপাড়ার আলোচিত বোমা কালাম রমরমা মাদকের ব্যবসা চালিয়ে যাচ্ছে। তার বিরুদ্ধে আলমডাঙ্গা থানায় মাদক ও অস্ত্রসহ ৯ টি মামলা চলমান রয়েছে।

গতকাল মঙ্গলবার রাত সাড়ে ৯ টার দিকে আলমডাঙ্গা থানা পুলিশ গোপন সংবাদের ভিত্তিতে মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন।

বোমা কালাম গাঁজা বিক্রির জন্য বাগানপাড়ার মানিক মেম্বারের বাড়ির পাশে অবস্থান করছিলো। এসময় আলমডাঙ্গা থানার উপ-পরিদর্শক এসআই জমির সঙ্গীয় ফোর্স মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন। পুলিশ দেখে মাদক বিক্রেতা বোমা কালাম পালানোর চেষ্টা করলে পুলিশ ধাওয়া করে তাকে আটক করে। পরবর্তীতে কালামকে পুলিশি জিজ্ঞাসাবাদে তার নিকট থাকা পলিথিন ব্যাগের ভেতর মোড়ানো ১ কেজি গাঁজা পুলিশের নিকত তুলে দেয়। এ ঘটনায় আলমডাঙ্গা থানায় কালামের বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে মামলা দায়ের করা হয়েছে।

এ ঘটনায় আলমডাঙ্গা থানার পরিদর্শক (ওসি) সাইফুল ইসলাম জানান, রাতে পুলিশ অভিযান চালিয়ে ১ কেজি গাঁজাসহ বোমা কালামকে আটক করেছে। তার বিরুদ্ধে পূর্বে ৯ টি মামলা চলমান আছে।

গাংনীর বামুন্দী থেকে যুবদল নেতা জাহিদ গ্রেফতার

গাংনীর উপজেলা যুব দলের সদস্য সচিব জাহিদ আহম্মেকে (৪২) গ্রেফতার করেছে পুলিশ।

আজ বুধবার দুপুরে গাংনী থানা পুলিশের একটি টীম তাকে বামন্দী বাজার থেকে গ্রেফতার করে। জাহিদ আহম্মেদ গাংনী উপজেলার ছাতিয়ান গ্রামের মৃত মেছের আলীর ছেলে।

গাংনী থানার এসআই মাসুদ সঙ্গীয় ফোর্স নিয়ে দুপুরে তাকে গ্রেফতার করে। জাহিদ আহম্মেদকে নাশকতার মামলায় গ্রেফতার করা হয়েছে বলে জানায় পুলিশ।

প্রসঙ্গত, আওয়ামী লীগের জাতীয় কাউন্সিল উপলক্ষে ছাত্রলীগের নেতাকর্মীরা গত ২৮ নভেম্বর রাতে গাংনী শহরে একটি মিছিল বের করে। এ সময় গাংনী সরকারি মাছের হ্যাচারি কাছে বিকট শব্দে ককটেল বিষ্ফোরণ হয়। মিছিল লক্ষ্য করে বোমা নিক্ষেপ করা হয়েছে অভিযোগ করে বিএনপিকে দায়ী করে।

ঘটনাস্থল থেকে অবিষ্ফোরিত তিনটি ককটেল উদ্ধার করে পুলিশ। ওই রাতেই সাবেক ছাত্রনেতা শাহিদুজ্জান শিপু বাদি হয়ে বিএনপি নেতাকর্মীদের নামে মামলা দায়ের করেন। ওই মামলার আসামি হিসেবে রাতেই পৌর বিএনপির আহবায়ক সাহিদুল ইসলামকে গ্রেফতার করে। পরবর্তীতে সাবেক ইউপি সদস্য জাহাঙ্গীর আলম গ্রেফতার হয়। এর মাঝে মামলার এজাহার নামীয় আসামিরা মঙ্গলবার উচ্চাদালত থেকে আগাম জামিন পায়।

আলমডাঙ্গায় ১০৩ পিস

ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ দুই যুবক আটক

আলমডাঙ্গায় নেশা জাতীয় দ্রব্য ট্যাপেন্টাডল ট্যাবলেট সহ ২ যুবককে আটক করেছে পুলিশ। সোমবার (৫ ডিসেম্বর) দুপুর দেড়টার দিকে মুন্সিগঞ্জ ফাঁড়ি পুলিশ অভিযান চালিয়ে সোনাতনপুর মোড় থেকে দুই যুবককে আটক করে।

আটকৃত যুবকেরা হলো- জেহালা ইউনিয়নের বড় পুটিমারী গ্রামের মোহাম্মদ আলীর ছেলে রিদয় আহম্মেদ (২৪) ও গড়চাপড়া গ্রামের হামিদুল ইসলামের ছেলে রাকিব হাসান।

পুলিশ সূত্রে জানাযায়, উপজেলার জেহালা ইউনিয়নের সোনাতনপুর মোড়ে দুই যুবক মাদকদ্রব্য ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ বিক্রি উদ্দেশ্যে অবস্থা করছে। এমন গোপন সংবাদের ভিত্তিতে আলমডাঙ্গা মুন্সিগঞ্জ ফাঁড়ি পুলিশের উপ-পরিদর্শক এসআই রকিবুল ইসলাম ও সহকারী উপ-পরিদর্শক এএসআই সাহাবুদ্দিন লস্কর সঙ্গীয় ফোর্স মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন। দুই যুবককে সন্দেহ মূলক আটক করে। তাদের শরীর তল্লাশি করে ১০৩ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট উদ্ধার করা হয়।

এবিষয়ে আলমডাঙ্গা থানার পরিদর্শক ওসি সাইফুল ইসলাম জানান, দুইজনকে ১০৩ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ আটক করা হয়েছে। তাদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে।